



হল সুপার কাউন্সিল এর কার্যালয়  
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
দিনাজপুর-৫২০০।



তারিখ: ১৪/১০/২০২১ খ্রী:

## জরুরী বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল সমূহে অবস্থানকারী সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ৫৮তম একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮/১০/২০২১ খ্রী: তারিখ হতে পর্যায়ক্রমে স্বাস্থ্যবিধি মেনে হল সমূহ খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

### হল সমূহ খোলার তারিখ ও সময় নিম্নরূপঃ

হলের নাম	হল খোলার তারিখ	সময়
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল	১৮/১০/২০২১ খ্রী:	প্রতিদিন সকাল ৯ টা হতে রাত ৯ টা পর্যন্ত
তাজউদ্দীন আহমেদ হল	১৮/১০/২০২১ খ্রী:	
ডরমেটরী-২	১৯/১০/২০২১ খ্রী:	
ফজিলাতুননেছা মুজিব হল	১৯/১০/২০২১ খ্রী:	
শেখ রাসেল হল	২০/১০/২০২১ খ্রী:	
আইভি রহমান হল	২০/১০/২০২১ খ্রী:	
সুফিয়া কামাল হল	২০/১০/২০২১ খ্রী:	

এমতাবস্থায়, যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সকল শিক্ষার্থীদের উল্লেখিত সময়ে স্ব-স্ব হল প্রশাসনের উপস্থিতিতে হলে প্রবেশের জন্য নির্দেশ প্রদান হলো।

### বিশেষ দৃষ্টব্যঃ

- উল্লেখিত তারিখ ও সময়ে শুধুমাত্র এমএস/এমবিএ, লেভেল-৪ (২০১৭ সালে ভর্তিকৃত ও তাদের সাথে রি-অ্যাড) ও লেভেল-৩ (২০১৮ সালে ভর্তিকৃত ও তাদের সাথে রি-অ্যাড) এর শিক্ষার্থীরাই হলে প্রবেশের সুযোগ পাবে।
- উল্লেখিত তারিখ ও সময়ে হল গেটে উপস্থিত হয়ে স্টুডেন্ট কার্ড ও কমপক্ষে এক ডোজ কোভিড-১৯ টিকা গ্রহণের প্রমানপত্র প্রদর্শন সাপেক্ষে হল গেটে “হল/আবাসিক পরিচিতি কার্ড” (Resident Identity Card) সংগ্রহ করে হলের ভিতরে প্রবেশ করতে হবে।
- কমপক্ষে এক ডোজ কোভিড-১৯ টিকা গ্রহণের প্রমানপত্র প্রদর্শন করতে ব্যর্থ হলে কোন অবস্থাতেই হলে প্রবেশ/অবস্থান করতে পারবে না।
- যে সকল শিক্ষার্থীর বৈধ ছাত্রত্ব নেই তারা কোন অবস্থাতেই হলে প্রবেশ/অবস্থান করতে পারবে না।
- দ্বিতীয় মাস্টার্স এ অধ্যয়নরত কোন শিক্ষার্থী কোন অবস্থাতেই হলে প্রবেশ/অবস্থান করতে পারবে না।
- কোন অবস্থাতেই গনরুমে কোন শিক্ষার্থী অবস্থান করতে পারবে না।
- হলে অবস্থানকালে শিক্ষার্থীদের অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

আহবায়ক

হল সুপার কাউন্সিল

হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০।